গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জাতীয় সঞ্চয় অধিদপ্তর
অভ্যন্তরীণ সম্পদ বিভাগ, অর্থ মন্ত্রণালয়
এন এস সি টাওয়ার (১৮ তলা)
৬২/৩, পুরানা পল্টন, ঢাকা-১০০০।
www.nationalsavings.gov.bd

নং-০৮.০৪.০০০০.০০৬.৮২.১১৮.১৮- 2966

তারিখঃ 60 কার্তিক ১৪২৯ বঙ্গাব্দ।
15 নভেম্বর ২০২২ খ্রিস্টাব্দ।

বিষয়: জ্বালানী ও বিদ্যুৎ সাশ্রয় প্রসঙ্গে।

সূত্র: জাতীয় সঞ্চয় অধিদপ্তরের ০১.০৮.২০২২ তারিখের অফিস আদেশ নং ০৮.০৪.০০০০.০০৬.৮২. ০০১.১৭.১৮০

উপর্যুক্ত বিষয় ও সূত্রের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, সূত্রোক্ত পত্রের মাধ্যমে চলমান পরিস্থিতি বিবেচনায় জ্বালানী ও বিদ্যুৎ সাশ্রয়ের নিমিত্ত এ অধিদপ্তর ও উহার আওতাধীন সকল বিভাগীয় কার্যালয়/জেলা কার্যালয়/বিশেষ ব্যুরোসমূহকে বিদ্যুৎ সাশ্রয়/গাড়ীর জ্বালানী খরচ হ্রাস/স্ব-শরীরে সভা আয়োজন পরিহারসহ কতিপয় নির্দেশনা প্রদান করা হয়। কিন্তু সম্প্রতি লক্ষ্য করা যাচ্ছে যে, জাতীয় সঞ্চয় অধিদপ্তরের আওতাধীন কতিপয় বিভাগীয় কার্যালয়/জেলা কার্যালয়/বিশেষ ব্যুরোসমূহে কর্মকর্তা/কর্মচারীগণ অফিস গৃহে রাত্রিযাপন করছেন। অফিসগৃহে কর্মকর্তা/ কর্মচারীগণ এর রাত্রিযাপনের ফলে সরকারের বিদ্যুৎ, পানিসহ অন্যান্য খরচ বৃদ্ধির পাশাপাশি উল্লিখিত নির্দেশনার ব্যত্যয় হচ্ছে অন্যদিকে সংশ্লিষ্ট কর্মকর্তা/কর্মচারীদের নিরাপত্তার বিষয়টি বিঘ্ন ঘটছে; যা সরকারি নির্দেশনার স্পষ্ট লংঘন। তাছাড়া, সরকারি কর্মকর্তা/কর্মচারীগণ অফিসে অবস্থান করে রাত্রিযাপন করা বিধিসম্মত নয়।

০২। এমতাবস্থায়, জাতীয় সঞ্চয় অধিদপ্তর ও উহার আওতাধীন বিভাগীয় কার্যালয়, জেলা সঞ্চয় অফিস, জাতীয় সঞ্চয় বিশেষ ব্যুরো সমূহের কর্মকর্তা/কর্মচারীগণ যাতে অফিস গৃহ রাত্রিযাপন না করে সে বিষয়ে সংশ্লিষ্ট সকলকে নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

15/11/22

(আব্দুল্লাহ আল মামুন)
সহকারী পরিচালক(প্রশাসন)
টেলিফোন-০২-৪১০৫০৫১০
ই-মেইল: ad.nsd.bd@gmail.com

**বিতরণ:**

০১। উপপরিচালক/সহকারী পরিচালক/সঞ্চয় অফিসার(সকল), জাতীয় সঞ্চয় অধিদপ্তর/জেলা সঞ্চয় অফিস/ জাতীয় বিশেষ ব্যুরো, ---------------।

০২। উচ্চমান সহকারী/হিসাব রক্ষক/সাঁট লিপিকার-কাম-কম্পিউটার অপারেটর/সাঁট মুদ্রাক্ষরিক-কাম-কম্পিউটার অপারেটর/অফিস সহকারী-কাম-কম্পিউটার মুদ্রাক্ষরিক/গাড়ী চালক/অফিস সহায়ক (সকল)।

নং-০৮.০৪.০০০০.০০৬.৮২.১১৮.১৮- 2966

তারিখঃ 60 কার্তিক ১৪২৯ বঙ্গাব্দ।
15 নভেম্বর ২০২২ খ্রিস্টাব্দ।

**অনুলিপি সদয় জ্ঞাতার্থে ও কার্যার্থে (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়):**

০১। পরিচালক (সকল), জাতীয় সঞ্চয় অধিদপ্তর, ঢাকা।

০২। জেলা প্রশাসক (সকল), জেলা প্রশাসক এর কার্যালয়,---------------------।

০৩। সিস্টেম এনালিস্ট, জাতীয় সঞ্চয় অধিদপ্তর, ঢাকা।

০৪। মহাপরিচালক মহোদয়ের ব্যক্তিগত সহকারী, জাতীয় সঞ্চয় অধিদপ্তর, ঢাকা (মহাপরিচালক মহোদয়ের সদয় অবগতির জন্য)।

০৫। অফিস কপি।

15/11/22

(আব্দুল্লাহ আল মামুন)
সহকারী পরিচালক(প্রশাসন)